

চট্টগ্রাম ভার্শিটির অচলাবস্থা কাটেনি পুরো বছরে ক্লাস হয়েছে দেড় মাস

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো : চট্টগ্রাম ভার্শিটির অচলাবস্থা কাটেনি। এ সন্তোষজনক পরিস্থিতিতে পবিত্র রমজানসহ নানা দিবস দেখিয়ে কর্তৃপক্ষ পুরো ডিসেম্বর মাস ভার্শিটি বন্ধের ঘোষণা দিয়েছেন। ফলে সংঘর্ষ, হান্সামাসহ নানা ঝুট-ঝামেলার কারণে চট্টগ্রাম ভার্শিটিতে এ বছর অ্যাকাডেমিক ক্লাস হয়েছে মাত্র ৪৫ দিন।

সর্বশেষ সূত্রে জানা যায়, গত মার্চ পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তেমন কোন অফটন না ঘটলেও এরপর মঞ্চলদারিত্ব প্রদ্রে এপ্রিল-মে মাসে একাধিক দফার ছাত্রলীগ-শিবির হান্সামাস ঘটনায় ভার্শিটি ক্যাম্পাস উত্তপ্ত হয়ে ওঠে। ছয় মাস থেকে শিবির ক্যাম্পাসে তাদের কর্মী-সমর্থকদের হলে পুনর্বাসনের দাবিতে ক্লাস বর্জনসহ নানা আন্দোলন শুরু করে। জুলাই মাসে বর্ষাকালীন ছুটিশেষে ক্যাম্পাস সচল হলেও ১৩ই আগস্ট ছাত্রলীগ-শিবির রক্তক্ষয়ী সংঘর্ষের কারণে আবারও অচলাবস্থার জট লাগে। এর ছের ধরে ৩রা

নভেম্বর পুনরায় হান্সামাস ঘটনা ঘটে। এরপর থেকে ভার্শিটি আর সচল হয়নি।

সূত্রমতে, এ অচলাবস্থা কাটিয়ে ওঠার উপায় বের করতে গত মঙ্গলবার সিন্ডিকেটের সভা আহ্বান করা হলেও কোন সিদ্ধান্ত হাড়াই সভাটি শেষ হয়েছে। সিন্ডিকেটের-সভায় কোন সিদ্ধান্ত আসতে না পারায় ভার্শিটি কর্তৃপক্ষ পবিত্র রমজান, শবেক মর, শহীদ মুক্তিযোদ্ধা দিবস, বিজয় দিবস, ইদুল ফিতর ও ধীত ত্রিষ্টের জন্য দিবস উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্লাসগুলো ১লা ডিসেম্বর থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত বন্ধের ঘোষণা দেন।